গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
রাঙ্গামাটি
www.rhdc.gov.bd, Email: cht.rhdc.yahoo.com

স্মারক নং- ২৯.৩৪.৮৪০০.২০৭.২৫.০০৯.২১-১৩৭৯ তারিখ: ০৭/১২/২০২১ খ্রি.।

# বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে হস্তান্তরিত জেলা পরিবার পরিকল্পনা বিভাগের আওতাধীন **পরিবার পরিকল্পনা সহকারি, পরিবার পরিকল্পনা পরিদর্শক (পুরুষ), অফিস সহকারি কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, পরিবার কল্যাণ সহকারি (মহিলা) ও অফিস সহায়ক** পদের বিপরীতে স্থগিতকৃত (যা ০৮/১০/২০২১ খ্রি. তারিখে অনুষ্ঠানের জন্য নির্ধারিত ছিল) লিখিত পরীক্ষা আগামী **১০/১২/২০২১ খ্রি. তারিখ সকাল ১১.০০ টা** হতে নির্ধারিত কেন্দ্রসমূহে অনুষ্ঠিত হবে।

এছাড়া, **নিরাপত্তা প্রহরী, আয়া, নৈশ প্রহরী ও পরিচ্ছন্নতা কর্মী** পদের স্থগিতকৃত মৌখিক পরীক্ষা (যা **১৩/১০/২০২১ খ্রি., ১৪/১০/২০২১ খ্রি., ১৬/১০/২০২১ খ্রি. এবং ১৭/১০/২০২১** খ্রি.তারিখে নির্ধারিত ছিল) আগামী **১৮, ১৯, ২০ ও ২১ ডিসেম্বর ২০২১ খ্রি.** তারিখে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদে অনুষ্ঠিত হবে।

ইতোমধ্যে প্রার্থীদের অনুকূলে তাদের আবেদনের সাথে জমা দেওয়া নিজে পুরণকৃত স্ব স্ব ঠিকানায় প্রবেশপত্র ডাকযোগে নতুনভাবে প্রেরণ করা হয়েছে এবং পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত প্রার্থীদের তালিকা, নির্ধারিত কেন্দ্রের বিবরণ ও যাদের শুধুমাত্র মৌখিক পরীক্ষা হবে তাদের পরীক্ষার তারিখ ইত্যাদি বিস্তারিত বিবরণ রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে www.rhdc.gov.bd প্রকাশ করা হয়েছে।

ইতোমধ্যে পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রকাশিত যোগ্য প্রার্থীর তালিকায় নাম আছে কিন্তু ডাকযোগে প্রেরিত ইন্টারভিউ কার্ড পাননি এমন প্রার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের সুবিধার্থে ডুপ্লিকেট ইন্টারভিউ কার্ড প্রদান করা হবে।

এমতাবস্থায়, পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রকাশিত যোগ্য প্রার্থীর তালিকায় নাম আছে কিন্তু ডাকযোগে প্রেরিত ইন্টারভিউ কার্ড পাননি- এমন প্রার্থীদেরকে রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের আইসিটি শাখায় আগামী **০৯/১২/২০২১ খ্রি. বেলা ১২.০০ টার** মধ্যে ২ কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবিসহ নির্ধারিত ফরমে ডুপ্লিকেট কার্ড পাওয়ার আবেদন দাখিল করার জন্য বলা হলো। নির্ধারিত আবেদন ফরম রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদের ওয়েবসাইটে www.rhdc.gov.bd পাওয়া যাবে।

৭/১২/২১

**অংসুইপ্রু চৌধুরী**
চেয়ারম্যান
রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ
ফোন: ০৩৫১-৬৩১৩২ (অফি:)